



রুয়েট শিক্ষককে লাঞ্চিত করার প্রতিবাদে মানববন্ধন

প্রকাশিত: ২০ - আগস্ট, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥ রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) ইলেকট্রিক্যাল এ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের সহকারী অধ্যাপক রাশিদুল ইসলামকে লাঞ্চিত করার প্রতিবাদে মানববন্ধন করেছেন শিক্ষার্থীরা। সোমবার সকাল সাড়ে দশটায় বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক সংলগ্ন ঢাকা-রাজশাহী মহাসড়কের পাশে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এ কর্মসূচী পালন করেন। এ সময় শিক্ষক রাশিদুল ইসলামকে লাঞ্চিতকারী বখাটেদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান শিক্ষার্থীরা।

মানববন্ধনে শিক্ষার্থীরা বলেন, ‘রাজশাহীতে স্থানীয় বখাটেদের উৎপাত বেড়েছে। এরা শিক্ষার্থীদের হয়রানি করে, ছাত্রীদের উত্ত্যক্ত করে, এদের উত্ত্যক্ত থেকে বাদ যায়নি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকের স্ত্রীও। শিক্ষক তার স্ত্রীর উত্ত্যক্তের প্রতিবাদ করায় তাকে লাঞ্চিত করা হয়েছে।

এসব লাঞ্চিতকারীদের অতি দ্রুত বিচারের আওতায় এনে শাস্তির ব্যবস্থা করতে হবে।

উল্লেখ্য, গত ১০ আগস্ট সহকারী অধ্যাপক রাশিদুল ইসলাম তার ফেসবুকে একটি স্ট্যাটাস দেন। স্ট্যাটাসে তিনি লেখেন নগরীর মনিচতুরে এক বখাটে তার স্ত্রীকে পেছন থেকে কয়েকবার ইচ্ছাকৃতভাবে ধাক্কা দেন। তিনি এর প্রতিবাদ করলে সোনাদীঘি মসজিদের সামনে ৫-৭ বখাটে তাকে মারধর করে। এ ঘটনায় গত শুক্রবার অজ্ঞাতনামা আটজনকে আসামি করে নগরীর বোয়ালিয়া থানায় মামলা করেন শিক্ষকের স্ত্রী তাবাসসুম ফারজানা।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All

rights reserved by dailyjanakantha.com

Developed By
Bikiran.Com